



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১২৮/২২

তারিখঃ ৩০ অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর দুটি মামলায় ওয়ারেন্টভুক্ত ০১(এক) জন পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি অভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ১৪ ডিসেম্বর ২০২২ খ্রিঃ রাত্রি অনুমান ২১.১০ ঘটিকায় এক বিশেষ অভিযান পরিচালনা করে ডিএমপি, ঢাকা এর গুলশান থানাধীন বারিধারা লেক সাইড রাজউক পার্ক সংলগ্ন পাখি ভাস্কর্য মোড় এর উত্তর পাশ থেকে নিষিদ্ধ জঙ্গি সংগঠন “জেএমবি” এর ০১ জন ওয়ারেন্টভুক্ত পলাতক আসামীকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীর নামঃ মোঃ লুৎফর রহমান (৩৫), পিতাঃ মোঃ সাহেব আলী, মাতাঃ মোছাঃ ফাতেমা, সাং- আরাজী ইটখোলা, পলাশবাড়ী, উপজেলা-নীলফামারী সদর, জেলা-নীলফামারী। জিজ্ঞাসাবাদে জানায়, বর্তমানে সে- ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা থানাধীন বগাবাড়ী, এলাকায় বসবাস করে। ব্রাহ্মণবাড়িয়ায় থাকাকালে সে স্থানীয় একটি মসজিদে আগে ইমামতি করতো এবং সাম্প্রতিক সময়ে স্থানীয় একটি দোকানে শপিং ব্যাগের ব্যবসায় নিয়োজিত ছিল।

গ্রেফতারকৃত আসামী নীলফামারী এলাকায় নিষিদ্ধ জঙ্গি সংগঠন “জেএমবি” এর সক্রিয় সদস্য থাকা অবস্থায় সংগঠনকে সমর্থন, চাঁদা প্রদান, পরিকল্পনা, প্ররোচনায় সহায়তা প্রদান ও অপরাধীকে আশ্রয় দান করার অপরাধে ২০১৬ সালে এবং ২০১৯ সালে তার বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইনে দুটি মামলা রুজু হয়েছিল। গ্রেফতারকৃত লুৎফর রহমান (৩৫) দীর্ঘ ০৬ বৎসর ধরে ব্রাহ্মণবাড়িয়া, কসবা এলাকায় আত্মগোপনে থেকে জেএমবি এর সক্রিয় সদস্য হিসাবে কাজ করে যাচ্ছিল।

গ্রেফতারকৃত আসামী-

- (১) নীলফামারী, নীলফামারী সদর থানার মামলা নং-১, তারিখ- ০১ মে, ২০১৬, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ সাল(সংশোধনী-২০১৩) এর ৭/৮/৯/১০/১২/১৩/১৪ ধারা (সেশন মামলা নং-০১/২০১৭ সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ সাল(সংশোধনী-২০১৩) এর ৭/৮/৯/১০/১২/১৩/১৪ ধারা) এবং
- (২) সেশন মামলা নং-০৫/২০১৯ সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৭/৮/৯ ধারায় অভিযুক্ত।

তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

Alam

১৫/১২/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd